Co-Chairpersons:
Sultana Kamal, Elsa Stamatopoulou
Myrna Cunningham Kain
Members:
Shapan Adnan, Lars-Anders Baer, Tone Bleie
Victoria Tauli-Corpuz, Bina D'Costa, Hurst Hannum
Yasmeen Haque, Sara Hossain,
Muhammad Zafar Iqbal, Khushi Kabir
Michael C. van Walt van Praag, Iftekharuzzaman

# Chittagong Hill Tracts Commission

শেখ হাসিনা
মাননীয় প্রধানমন্ত্রী
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ

তারিখ: ১২ এপ্রিল ২০২০।

**বিষয়: পার্বত্য চট্টগ্রামের অধিকারকর্মী মাইকেল চাকমা নিখোঁজের একবছর পরও উদ্ধার না হওয়ায় পার্বত্য চট্টগ্রাম কমিশনের উদ্বেগ প্রকাশ। অবিলম্বে তাকে উদ্ধার করার দাবি।**

মাননীয় প্রধানমন্ত্রী,

পার্বত্য চট্টগ্রাম বিষয়ক আন্তর্জাতিক কমিশনের পক্ষ থেকে আন্তরিক শুভেচ্ছা গ্রহণ করবেন।

পার্বত্য চট্টগ্রাম কমিশন অত্যন্ত উদ্বেগের সাথে আপনাকে জানাচ্ছে যে, ২০১৯ সালের ৯ এপ্রিল পার্বত্য চট্টগ্রামের অধিকারকর্মী মাইকেল চাকমা ঢাকার অদূরে কাঁচপুর এলাকা থেকে সাংগঠনিক কাজ শেষে ঢাকায় ফেরার পথে নিখোঁজ হন। সেই থেকে তার খোঁজ এখনও পর্যন্ত পাওয়া যায়নি। তার নিখোঁজের পর নায়ানগঞ্জের সিদ্ধিরগঞ্জ থানায় একটি সাধারণ ডায়েরি (জিডি নং-৭৭২, তাং-১৬/০৪/২০১৯, অভিযোগকারীর নাম- ধনক্ষ চাকমা) ইস্যু করা হয়। কিন্তু অত্যন্ত পরিতাপের বিষয় হল পরবর্তীতে উক্ত থানা জিডিটি আর মামলা হিসেবে গ্রহণ করেনি এবং গত একবছরে এই অভিযোগের যথাযথ কোনরূপ তদন্ত হয়েছে বলেও কোন তথ্য পাওয়া যায়নি। এমনকি মাইকেল চাকমাকে কোন থানার অধীনে আটক করা হয়েছে বলেও কোন তথ্য পাওয়া যায়নি। গত একবছর যাবত মাইকেল চাকমা নিখোঁজ থাকায় পার্বত্য চট্টগ্রাম কমিশন গভীর উদ্বেগ প্রকাশ করছে।

মাইকেল চাকমা নিখোঁজ হওয়ার পর দেশের অন্যতম মানবাধিকার সংগঠন আইন ও সালিশ কেন্দ্র তার নিখোঁজ হওয়ার কারণ ও তাকে উদ্ধারের দাবি জানিয়ে জাতীয় মানবাধিকার কমিশনের কাছে একটি অভিযোগ জানায়। আসকের অভিযোগের প্রেক্ষিতে জাতীয় মানবাধিকার কমিশন নিখোঁজ মাইকেল চাকমাকে উদ্ধারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ ও তদন্ত সাপেক্ষে একটি প্রতিবেদন কমিশনের কাছে প্রেরণের জন্য স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগের সচিব বরাবর একটি চিঠি দেয়। প্রথম চিঠির কোন উত্তর না পেয়ে জাতীয় মানবাধিকার কমিশন অনুরূপভাবে তদন্ত প্রতিবেদন চেয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়কে পরপর আরও দুটি চিঠি পাঠায়। কিন্তু স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগ থেকে তদন্ত বা অগ্রগতির কোন প্রতিবেদন জাতীয় মানবাধিকার কমিশনের কাছে প্রদান করা হয়নি [সূত্র: স্মারক নং- এনএইচআরসিবি/অভিযোগ/৪৮/১৯- ২৮৩৫(৩), তাং-০৫/০৫/২০১৯, স্মারক নং- এনএইচআরসিবি/অভিযোগ/৪৮/১৯- ৩১৬৯(৩), তাং-১১/০৬/২০১৯, স্মারক নং- এনএইচআরসিবি/অভিযোগ/৪৮/১৯- ৪৩১০(৩), তাং-০১/১২/২০১৯]।

তাই পার্বত্য চট্টগ্রাম কমিশন মাইকেল চাকমার নিরাপত্তা ও জীবন নিয়ে গভীর সংশয় ও উদ্বেগ প্রকাশ করছে। যদি তার বিরুদ্ধে সুনির্দিষ্ট কোন অভিযোগ থেকে থাকে তাহলে প্রচলিত আইনের ভিত্তিতে তাকে বিচারের আওতায় আনা হোক। বাংলাদেশের একজন নাগরিক হিসেবে মাইকেল চাকমা তার নিরাপত্তা নিশ্চিত করা ও বিচার পাওয়ার অধিকার রাখেন।

International Secretariat:
C/O IWGIA, Classensgade 11E, 2100 Copenhagen, Denmark
Phone: +45 35 27 05 00, Fax: +45 35 27 05 06
E-mail: cn@iwgia.org
Phone: +88 02 91 46 048, E-mail: chtcomm@gmail.com
*www.chtcommission.org*

**Co-Chairpersons:**
Sultana Kamal, Elsa Stamatopoulou
Myrna Cunningham Kain
**Members:**
Shapan Adnan, Lars-Anders Baer, Tone Bleie
Victoria Tauli-Corpuz, Bina D'Costa, Hurst Hannum
Yasmeen Haque, Sara Hossain,
Muhammad Zafar Iqbal, Khushi Kabir
Michael C. van Walt van Praag, Iftekharuzzaman

# Chittagong Hill Tracts Commission

মাননীয় প্রধানমন্ত্রী, এমতাবস্থায় পার্বত্য চট্টগ্রাম কমিশন অবিলম্বে মাইকেল চাকমা নিখোঁজের সুষ্ঠু তদন্তপূর্বক তাকে উদ্ধারের ব্যবস্থা গ্রহণ করতে আপনার সদয় বিবেচনা প্রত্যাশা করছে। একইসাথে তার পরিবার-প্রিয়জনের অধিকার হিসেবে মাইকেল চাকমার সন্ধান এবং এ পরিস্থিতিতে তাদের নিজেদের নিরাপত্তা নিশ্চিত করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের আহবান জানাচ্ছি।

ধন্যবাদসহ,

| সুলতানা কামাল | এলসা স্টামাতোপৌলৌ | মির্না কানিংহাম কেইন |
|---|---|---|
| কো-চেয়ার | কো-চেয়ার | কো-চেয়ার |
| পার্বত্য চট্টগ্রাম কমিশন | পার্বত্য চট্টগ্রাম কমিশন | পার্বত্য চট্টগ্রাম কমিশন |

সদস্য: স্বপন আদনান, লারস এন্ডারস বেয়ার, টনি ব্লিয়ে, বীণা ডি'কস্টা, হার্স্ট হানুম, ইয়াসমিন হক, সারা হোসেন, জাফর ইকবাল, খুশী কবির, মাইকেল ভন ওয়াল্ট ভন প্রাগ, ইফতেখারুজ্জামান।

উপদেষ্টা: ইয়েনেকি অ্যারেন্স, টম এস্কিলসন, মেঘনা গুহঠাকুরতা।

অনুলিপি:

১. **জনাব আসাদুজ্জামান খান, মাননীয় মন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।**
২. **জনাব জ্যোতিরিন্দ্র বোধিপ্রিয় লারমা, চেয়ারম্যান, পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ, রাঙামাটি পার্বত্য জেলা।**
৩. **অফিস কপি।**

**International Secretariat:**
C/O IWGIA, Classensgade 11E, 2100 Copenhagen, Denmark
Phone: +45 35 27 05 00, Fax: +45 35 27 05 06
E-mail: cn@iwgia.org
Phone: +88 02 91 46 048, E-mail: chtcomm@gmail.com
***www.chtcommission.org***